দৈনিক সংবাদ

NOV. 28 2001

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

## জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের গাফিলতি

# '৯৮-৯৯ সেশনের এমএ পরীক্ষার তারিখ ২ মাসে ৪ বার পরিবর্তন

**লিয়াকত আলী বাদল, রংপুর থেকে ঃ** জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের দায়িত্বহীনতা ও ক্ষমতার অপব্যবহারসহ নানাবিধ কারণে '৯৮-৯৯ সেশনের এমএ ফাইনাল পরীক্ষা গত ২৪শে নভেম্বর থেকে রংপুরসহ সারাদেশে শুরু হয়েছে; কিন্তু ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার তারিখ ঘোষণা না করে পরবর্তী ব্যাচের এমএ পরীক্ষার তারিখ আগামী বছরের মার্চ মাসে অনুষ্ঠিত হবে বলে ঘোষণা করেছেন জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। ছাত্রছাত্রীরা অভিযোগ করেছেন, সেশনজট নিরসনে বাস্তবমুখী পদক্ষেপ নিতে তারা বারবার চরম ব্যর্থতার পরিচয় দিয়েছেন এবং এইভাবে তারা তাদের ভবিষ্যৎকে ঠেলে দিয়েছেন অনিশ্চয়তার অন্ধকারে। গত ২৪শে নভেম্বর থেকে '৯৮-৯৯ সেশনের যে এমএ ফাইনাল পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে, তার তারিখও অক্টোবর ও চলতি নভেম্বর মাসে ৪ বার পরিবর্তন করা হয়েছে। কম্প্রিহেনসিভ পরীক্ষা অনুষ্ঠানের তারিখ ঘোষণা করা হয়েছে যথাক্রমে ২০০২ সালের ২৮শে জানুয়ারি ও ১৮ই ফেব্রুয়ারি; কিন্তু আদৌ যথাসময়ে পরীক্ষাগুলো অনুষ্ঠিত হবে কিনা, এ ব্যাপারে সন্দেহ প্রকাশ করেছেন ছাত্রছাত্রীরা।

এদিকে '৯৯-২০০০ সেশনের পরীক্ষা আগামী বছরের মার্চ মাসে অনুষ্ঠানে চরম অনিশ্চয়তা দেখা দিয়েছে বলে নির্ভরযোগ্য সূত্রে জানা গেছে। কারণ '৯৮-৯৯ সেশনের পরীক্ষা সম্পন্ন হতেই মার্চ মাস পার হয়ে মে মাস পর্যন্ত গড়িয়ে যাবে। ছাত্রছাত্রীরা দফায় দফায় পরীক্ষার তারিখ পরিবর্তনে হতাশ হয়ে পড়েছেন। কারণ তারা লেখাপড়ারও উৎসাহ একেবারে হারিয়ে ফেলেছেন।

উত্তর জনপদের অন্যতম শিক্ষা প্রতিষ্ঠান রংপুর কারমাইকেল বিশ্ববিদ্যালয় কলেজে '৯৮-৯৯ সেশনের শিক্ষাবর্ষে ১৬টি বিভাগে ২ হাজার ২শ ৫৬ জন ছাত্রছাত্রী গত ২৪শে নভেম্বর থেকে পরীক্ষায় অংশ নিচ্ছেন।

গত ২৪শে নভেম্বর বেশ কয়েকজন ছাত্রছাত্রী রংপুর প্রেসক্লাবে এসে সাংবাদিকদের জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের তরফ থেকে যথাসময়ে পরীক্ষা নেয়ার কাজ সম্পন্ন এবং পরীক্ষার ফলাফল প্রকাশ করার দাবি জানিয়েছেন।